**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

**ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স**

সূত্র নংঃ ডিসিপি(পিআর) ০৫/২০২৫-৭৮ তারিখ : ১৩ ফেব্রুয়ারি, ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি

**প্রধান বার্তা সম্পাদক,**
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

## সুকুক ইস্যুর লক্ষ্যে শরীয়াহ্ এডভাইজরি কমিটির ১ম সভা অনুষ্ঠিত

'পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ প্রকল্প (২য় পর্যায়) (CIBRR-2)' শীর্ষক প্রকল্পের বিপরীতে ৫ম বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক ইস্যুর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের 'শরীয়াহ্ এডভাইজরি কমিটি'-এর ১ম সভা অদ্য ১৩/০২/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। কমিটির সভাপতি সংশ্লিষ্ট ডেপুটি গভর্নর জনাব ড. মোঃ কবির আহাম্মদ এর সভাপতিত্বে অনুষ্ঠেয় সভায় সকল সদস্যের সম্মতিক্রমে আলোচ্য প্রকল্পটির বিপরীতে Istisna'a and Ijarah পদ্ধতিতে ৩,০০০.০০ কোটি টাকার ০৭ বছর মেয়াদি সুকুক ইস্যুর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আলোচ্য সুকুকটি সামাজিক উন্নয়নমূলক প্রকল্পের বিপরীতে ইস্যু করা হবে বিবেচনায় সুকুকটির নামকরণ CIBRR-2 Social Impact Sukuk করা হয়েছে। বাস্তবায়নকারী সংস্থা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিআইডি) এর মাধ্যমে প্রকল্পটির আওতায় বাংলাদেশের ৮টি বিভাগের ৫৮টি উপজেলায় ৮২টি সেতু নির্মাণের কাজ চলমান আছে যার মোট দৈর্ঘ্য ১৭৬৯৭ মিটার, ৩৮৮০০ মিটার সংযোগ সড়ক ও ৪২৩০ মিটার নদী শাসনের কাজ বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে গ্রামীণ সড়ক যোগাযোগ ব্যবস্থা ও প্রকল্প এলাকার আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন, কৃষি উৎপাদন বৃদ্ধি, কৃষি ও অকৃষি পণ্য পরিবহন ব্যবস্থা সহজীকরণ ও ব্যয় হ্রাস এবং স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থানের সুযোগ নিশ্চিত হবে।

**জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।**

**ধন্যবাদান্তে,**

**(সাঈদা খানম)**
পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০৩০০; মোবাইল: ০১৭১১১৫৪৭৭৮
E-mail: sayeda.khanam@bb.org.bd